

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-২

(১৬ ডিসেম্বর ২০২৪ হতে ৩১ ডিসেম্বর ২০২৪)

১। কারা মহাপরিদর্শক মহোদয় সকল কর্মকর্তা-কর্মচারীকে নতুন ইংরেজী বছরের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন। তিনি বিগত বছরের সকল গুণি ও ব্যর্থতা ভুলে কারা বিভাগকে নতুন উদ্যোগে সামনের দিকে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন।

২। বাংলাদেশ জেল এ কর্মরত ০৫ জন সর্বপ্রধান কারারক্ষীকে সার্জেন্ট ইন্সট্রাক্টর পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। সার্জেন্ট ইন্সট্রাক্টর পদে পদোন্নতিপ্রাপ্ত সকলকে কারা মহাপরিদর্শক মহোদয় আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পরবর্তীতে বাংলাদেশ জেল এ পদোন্নতি যোগ্য সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির এই ধারা অব্যাহত থাকবে।

৩। বিভাগ বদলী কর্মচারীদের আচার-আচরণ, দায়িত্ব ও কর্তব্যের মান মনিটরিংয়ের অংশ হিসেবে ডিসেম্বর মাসের প্রতিবেদনে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ কর্মচারীর আচরণ সন্তোষজনক হলেও এখনো কিছু কিছু কর্মচারীর আচরণ অসন্তোষজনক পরিলক্ষিত হয়েছে, যা অনাকাঙ্ক্ষিত এবং তাদেরকে সংযত হবার পরামর্শ দেয়া যাচ্ছে। যথাযথভাবে শৃঙ্খলাপূর্ণ ও দায়িত্ববোধের সাথে কর্তব্য পালনের জন্য সকলকে আহ্বান করা হলো।

৪। বাংলাদেশ জেল ক্রীড়াদলের খেলোয়াড় যাচাই-বাছাই পূর্বক খেলোয়াড় সংযোজন ও অব্যাহতির মাধ্যমে জেল ক্রীড়াদলকে পুনর্গঠন করা হচ্ছে এবং খেলার মান আরও উন্নত করার পরিকল্পনা গৃহীত হয়েছে।

৫। বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগিতায় ডগ ফ্লোয়াড এর মাধ্যমে তল্লাশী কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত উল্লেখযোগ্য সংখ্যক দর্শনাধীর কাছ থেকে মাদকদ্রব্য উদ্ধার করা সম্ভব হয়েছে। ভবিষ্যতে এ কার্যক্রমের পরিধি বৃদ্ধির পরিকল্পনা রয়েছে।



৬। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৫ এ বাংলাদেশ জেল বরাবরের ন্যায় এ বছরও অংশগ্রহণ করছে। কারাপণ্য সর্বসাধারণের কাছে আকর্ষণীয় ভাবে তুলে ধরার জন্য সু-সজ্জিত প্যাভিলিয়ন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। মেলায় গুনগত মানম্পন্ন ও আকর্ষণীয় পণ্য প্রেরণের জন্য সকল কারাগারকে অনুরোধ করা হলো।



৭। অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের নেতৃত্বে কারা অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের অগ্নিনির্বাপণ প্রশিক্ষণ প্রদান করা হয়। অগ্নিকাণ্ডের সূত্রপাত নির্ধারণ পূর্বক পরবর্তী সঠিক পদক্ষেপ গ্রহণের নিমিত্ত প্রশিক্ষণের মাধ্যমে সকলকে সচেতন করা যেতে পারে।



৮। কারা বিভাগের সক্ষমতা বৃদ্ধি ও কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বাড়াতে বাংলাদেশ পুলিশ একাডেমির সহায়তায় রায়ট কন্ট্রোল প্রশিক্ষণের পরিকল্পনা গৃহীত হয়েছে। এছাড়াও বিভিন্ন বিষয়ে বিশেষ প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল